

ফাতওয়া নম্বর: ২০

তারিখ: ০১-০৫-২০২০ ইংরেজি

বিয়ে কীভাবে সংঘটিত হয়?

প্রশ্ন:

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ। ঘটনার প্রেক্ষিতে ফতোয়া দরকার:

ঘটনা: জনাব রবিউল ইসলাম একজন ছাত্র। বয়স ২১ বছর। হঠাৎ একদিন অনলাইনে সোশাল মিডিয়াতে একটা মেয়ের সাথে পরিচয় হয়। নাম ফাতেমা (২৩)। রবিউল অবিবাহিত। ফাতেমা বিবাহিত তালাকগ্রাপ্ত। রবিউল প্রস্তাব দেয় বিবাহের। ফাতেমা রাজি হয়। রবিউল তার বাসায় বললে, তার বাসা থেকে বলল, পরে বিবাহ দেবে। কিন্তু রবিউল তার যৌবন হেফাজতের জন্য এ মুহূর্তে বিবাহ করতে চায়। ফাতেমা বাসায় বললে তার বাসা থেকে সবাই রাজি হল। তবে তারা বলল, ছেলের পরিবার ছাড়া বিয়ে দেবে না। উক্ত বিষয়টা রবিউল এক ইমাম সাহেবের সাথে আলোচনা করে। উনি রবিউলকে বিবাহের যে কাগজে বর-কণে ও সাক্ষীদের মতামত থাকে, ওই কাগজ দিলো। এবং বললো যে রবিউল ওই কাগজে ফাতেমার সাক্ষর নিবে। সাক্ষর নেয়ার সময় ইমামকে কল দেবে। তারা এটা করলো। এবং সাক্ষর করে ইমামকে কল দিলো। ইমাম তাদেরকে জিপ্সেস করলো যে তারা উভয়ে জেনে বুঝে কাগজে সই করেছে কি না। তারা সম্মতি দিলো।

আমার প্রশ্ন- এখানে কি বিবাহ হচ্ছে? এটা কতটুকু বৈধ? শরিয়ত অনুযায়ী কি বিবাহ হবে?

-সিমান হাसान

উত্তর:

আপনি প্রশ্নের যে বিবরণ দিয়েছেন, বাস্তব ঘটনা যদি ততটুকুই হয়ে থাকে, তবে এতে তাদের বিয়ে সংঘটিত হয়নি। বিয়ে সংঘটিত হওয়ার জন্য দুটি বিষয় জরুরি।

১. বর কনের এক পক্ষ বিয়ের প্রস্তাব করবে এবং প্রস্তাবের মজলিসেই অপর পক্ষ তা কবুল করবে।

২. তাদের প্রস্তাব এবং কবুল দু'জন পুরুষ সাক্ষীর উপস্থিতিতে হতে হবে।

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

৭ রমজান, ১৪৪১ হি.

১ লা মে, ২০২০ ঙ.

